গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-২

নং-২২.০০.০০০০.০৭৯.১৪.০৭১.১৭ (অংশ-১)-১৯৬ তারিখ ঃ ১২/১১/২০১৮

বিষয় ঃ " বনায়ন কর্মসূচিতে জনগোষ্ঠী ভিত্তিক জলাবায়ু পরিবর্তন অভিযোজন " শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২য় সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

গত ২৫/১০/২০১৮ তারিখ বন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন " বনায়ন কর্মসূচিতে জনগোষ্ঠী ভিত্তিক জলাবায়ু পরিবর্তন অভিযোজন " শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২য় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী এতদ্‌সংগে নির্দেশক্রমে প্রেরণ করা হল।

সংযুক্তি ঃ কার্যবিবরণী

Ridwan
12/11/18
(রিদওয়ানুর রহমান)
সহকারী প্রধান
ফোন ঃ ৯৫৪০২৬০

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা ।
৩। সচিব, আইএমইডি, শের-ই-বাংলা নগর, ঢাকা ।
৪। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, পানিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৮। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৯। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
১০। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
১১। অতিরিক্ত সচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। বিভাগ প্রধান, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা ।
১৩। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
১৪। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, পরিবেশ ভবন, আগারগাঁও, ঢাকা।
১৫। অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা) ও জাতীয় প্রকল্প পরিচালক, "বনায়ন কর্মসূচিতে জনগোষ্ঠীভিত্তিক জলবায়ু পরিবর্তন অভিযোজন" শীর্ষক প্রকল্প, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
১৭। যুগ্ম প্রধান, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
১৮। জেলা প্রশাসক, ভোলা/নোয়াখালী/বরগুনা/পটুয়াখালী/পিরোজপুর ।
১৯। উপসচিব(উন্নয়ন), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০। উপপ্রধান, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১। পরিচালক, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, যোল শহর, চট্টগ্রাম।
২২। সহকারী প্রধান, পরিকল্পনা-১ পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২। সহকারী প্রধান বন সংরক্ষক, উন্নয়ন পরিকল্পনা উইং, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
২৩। এসিস্ট্যান্ট কান্ট্রি ডাইরেক্টর (R&IG Cluster), ইউএনডিপি বাংলাদেশ।
২৪। জনাব আরিফ এম. ফয়সল, প্রোগ্রাম স্পেসিয়ালিস্ট, (R&IG Cluster), ইউএনডিপি বাংলাদেশ।
২৫। জনাব ফরিদ উদ্দিন আহমেদ, নির্বাহী পরিচালক, আরণ্যক ফাউন্ডেশন, বনানী, ঢাকা।
২৬। ড. নিয়াজ আহমেদ খান, প্রফেসর, ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২৭। ড. মোহাম্মদ মোজাম্মেল হক, প্রজেক্ট ম্যানেজার, "বনায়ন কর্মসূচিতে জনগোষ্ঠীভিত্তিক জলবায়ু পরিবর্তন অভিযোজন" শীর্ষক প্রকল্প, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি ঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-২

বিষয়ঃ 'বনায়ন কর্মসূচীতে জনগোষ্ঠীভিত্তিক জলবায়ু পরিবর্তন অভিযোজন' শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি)'র দ্বিতীয় সভার কার্যবিবরণী।

**সভাপতি:** জনাব আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী
সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
**সভার তারিখ:** ২৫ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ।
**সভার সময়:** দুপুর ১২.৩০ ঘটিকা ।
**স্থান:** সভাকক্ষ, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
**উপস্থিতি:** পরিশিষ্ট-'ক'।

**২.০। উপস্থাপনাঃ**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তার অনুমতিক্রমে ICBA-AR প্রকল্পের জাতীয় প্রকল্প পরিচালক ও অতিরিক্ত সচিব, জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী প্রজেক্ট স্টিয়ারিং কমিটির সভায় অংশগ্রহণের জন্য বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থার উর্ধতন কর্মকর্তা ও প্রতিনিধিদের স্বাগত জানিয়ে সভা আহ্বানের প্রেক্ষাপট বর্ণনা করেন। তিনি প্রকল্প ব্যবস্থাপক ড. মোহাম্মদ মোজাম্মেল হককে প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি ও প্রথম পিএসসি সভার সিদ্ধান্ত বাস্তবায়নসহ আলোচ্যসূচী অনুযায়ী পাওয়ার পয়েন্ট উপস্থাপনের অনুরোধ করেন।

**৩.০। আলোচনাঃ**

৩.১। সভার শুরুতে প্রথম পিএসসি সভার কার্যবিবরণীতে কোন আপত্তি/ অসঙ্গতি না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়করণ করা হয়। প্রকল্প ব্যবস্থাপক পাওয়ার পয়েন্টের মাধ্যমে ২০১৭/১৮ সালের কার্যক্রমের অগ্রগতি উপস্থাপনা করেন। তিনি সভাকে অবহিত করেন যে, ২০১৭/১৮ সালে প্রকল্পের আওতায় সর্বমোট ৫০৬৫ জন উপকারভোগী নির্বাচন করা হয়। এর মধ্যে কৃষি, মৎস্য, পশু সম্পদ ও বন বিভাগের আওতায় যথাক্রমে ১৮০০, ১৫০০, ১৬৮০ ও ৮৫ জন উপকারভোগী রয়েছে। প্রকল্পের মাধ্যমে উপকারভোগীদের প্রশিক্ষণ ও জলবায়ু সহনশীল বিভিন্ন উপকরণ প্রদান করা হয়েছে। এছাড়া থ্রি-এফ মডেল বাস্তবায়নের জন্য ভোলার তজুমদ্দিন উপজেলায় ও নোয়াখালীর হাতিয়া উপজেলায় মোট ১৭ হেক্টর পরিত্যক্ত বন ভূমিতে ৮৫ জন দরিদ্র বননির্ভর পরিবারে ৮৫টি ডিস-ডাইক খনন ও হস্তান্তর করা হয়েছে। প্রকল্পের ৬৫০ হেক্টর মিশ্র প্রজাতির ম্যানগ্রোভ পুনঃবনায়নের লক্ষ্যমাত্রার বিপরীতে ৪টি জেলায় মোট ২০০ হেক্টর বনভূমিতে ১০ প্রজাতির ২ লাখ ১৫ হাজার ম্যানগ্রোভ চারার ১০ টি নার্সারী তৈরি ও বপন করা হয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। তিনি আরো জানান, সিপিপি'র ৬০০০ স্বেচ্ছা-সেবককে যোগাযোগ উপকরণ যেমন হ্যান্ড সাইরেন (৩৮৫টি), মেগাফোন (৩৮৫টি), সিগনাল ফ্ল্যাগ (৩৮৫টি), সিগনাল ফ্ল্যাগ মাস্ট (৩৮৫টি), ভেস্প (৫৭৭৫টি), ও ৭টি মোটর সাইকেল প্রদান করা হয়েছে ও বর্তমানে প্রশিক্ষণ দেয়া হচ্ছে। ৮টি উপজেলায় সহ-ব্যবস্থাপনা কমিটি গঠন করা হয়েছে। কমিটিসমূহ ইতোমধ্যে একাধিক সভায় মিলিত হয়েছেন। উপকূলীয় বনায়নে লভ্যাংশ বন্টন, স্থানীয় বন নির্ভরশীল জনগোষ্টির অংশগ্রহনের নিমিত্ত প্রস্তাবনা তৈরি ও সিপিপি বিষয়ক কার্যক্রম বাস্তবায়ন ও এমআইএসসহ চারজন বিশেষজ্ঞ পরামর্শক নিয়োগ করা হয়েছে। এছাড়া জলাবদ্ধতা নিরসনের জন্য মনপুরা ও চরফ্যাশন উপজেলায় সংস্কারের জন্য বেড়িবাঁধ বরাবর মোট ২০টি স্লুইচগেট এবং মনপুরায় পূণঃখননের জন্য একটি খালের ৪.৩২ কি.মি. অংশ সনাক্তকরনসহ বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে।

৩.২। প্রকল্প ব্যবস্থাপক সভাকে অবহিত করেন যে, থ্রি এফ মডেলের জন্য প্রকল্পভূক্ত এলাকায় পর্যাপ্ত উপযোগী জায়গা পাওয়া যাচ্ছে না। প্রকল্পের প্রথম বছর ভোলায় ১৩ হেক্টর জমিতে থ্রি এফ মডেল বাস্তবায়নের লক্ষ্যমাত্রা থাকলেও জমি না পাওয়ার কারণে মাত্র ৮ হেক্টর জমিতে থ্রি এফ মডেল বাস্তবায়ন করা সম্ভব হয়েছে। নোয়াখালীতে থ্রি এফ মডেল বাস্তবায়নের লক্ষ্যমাত্রা ১৫ হেক্টর থাকলেও জমি পাওয়া গেছে মাত্র ৯ হেক্টর। প্রকল্পের সংস্থান অনুযায়ী জমি না পাওয়ার কারণে থ্রি এফ মডেল কার্যক্রমের লক্ষ্যমাত্রা পূরণ করা সম্ভব হবে না বিধায় টিপিপি সংশোধন করা প্রয়োজন। সভায় মত প্রকাশ করা হয় যে, থ্রি এফ মডেল প্রকল্পের একটি গুরুত্বপূর্ণ অংগ বিধায় টিপিপি সংশোধনের পূর্বে উপযোগী জায়গার প্রাপ্যতার বিষয়টি প্রকল্পের ব্যবস্থাপনা ইউনিট কর্তৃক পুনঃ পরীক্ষা করা প্রয়োজন।

৩.৩। প্রকল্প ব্যবস্থাপক সভাকে অবহিত করেন যে, প্রকল্প দলিলে সাইক্লোন সেন্টারের কাছাকাছি কিল্লা নির্মাণের সংস্থান রাখা আছে। কিন্তু সাইক্লোন সেন্টারের কাছাকাছি এ ধরনের জমি পাওয়া যাচ্ছে না এবং প্রকল্পে এর বরাদ্দও সীমিত। সভাপতি মত প্রকাশ করেন যে, সাইক্লোন সেন্টারের কাছাকাছি জায়গা/জমি পাওয়া না গেলে লোকালয়ের কাছে যেখানে জমি পাওয়া যাবে অথবা কেউ স্বপ্রণোদিত হয়ে জমি প্রদানে আগ্রহী হলে সেখানে কিল্লা নির্মাণের বিষয়টি বিবেচনা করা যেতে পারে। সভায় সকলে জায়গার প্রাপ্যতাসহ কিল্লা নির্মাণের প্রয়োজনীয়তার বিষয়ে গুরুত্বারোপ করেন ও এ বিষয়ে পুনঃ পরীক্ষা করার অনুরোধ করেন।

৩.৪। এনজিও'র মাধ্যমে ২৫০০ জন জলবায়ু বিপদাপন্ন উপকারভোগীর উদ্ভাবনীমূলক বিকল্প জীবিকায়নের জন্য সংস্থান রয়েছে। এ কার্যক্রমের জন্য বরাদ্দ অপ্রতুল বিধায় ইউএনডিপি ও জাতীয় প্রকল্প পরিচালকের পরামর্শক্রমে এনজিও'র মাধ্যমে উদ্ভাবনীমূলক (Innovative) জীবিকায়ন কার্যক্রম ৮টি উপজেলার পরিবর্তে প্রথমে গুরুত্বপূর্ণ ৪টি উপজেলায় শুরু করা হবে। সভাপতি মত প্রকাশ করেন যে, প্রাথমিকভাবে ৪টি উপজেলায় এনজিও-এর কার্যক্রম শুরু করা যেতে পারে এবং এ কার্যক্রমের সুফল পাওয়া গেলে পর্যালোচনা সাপেক্ষে পরবর্তীতে তা ৮টি উপজেলায় সম্প্রসারণ করা যেতে পারে।

৩.৫। সভায় প্রকল্পের জাতীয় প্রকল্প পরিচালক উল্লেখ করেন যে, প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন ও গতিশীলতার জন্য বিগত ০৭/০২/২০১৮ইং তারিখে মন্ত্রণালয় কর্তৃক একজন জাতীয় প্রকল্প পরিচালক ও একজন উপজাতীয় প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়। জাতীয় প্রকল্প পরিচালকের পদটি প্রকল্প দলিলে অন্তর্ভুক্ত রয়েছে। উপজাতীয় প্রকল্প পরিচালক পদটিও প্রকল্প দলিলে অন্তর্ভুক্ত করা প্রয়োজন। সভায় প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন ও গতিশীলতার জন্য উপজাতীয় প্রকল্প পরিচালকের পদটি সংশোধিত প্রকল্প দলিলে অন্তর্ভুক্তির জন্য সভায় মত প্রকাশ করা হয়।

৩.৬। জাতীয় প্রকল্প পরিচালক জানান যে, টিপিপিতে প্রকল্পের মেয়াদকাল জুলাই ২০১৬-জুন ২০২০ পর্যন্ত উল্লেখ করা হয়েছে। কিন্তু GEF কর্তৃক অনুমোদিত প্রকল্পের Pro-Doc- এ মেয়াদকাল হিসেবে জুলাই ২০১৫-এপ্রিল ২০১৯ পর্যন্ত নির্ধারণ করা আছে । টিপিপিতে উল্লিখিত মেয়াদকাল GEF কর্তৃক অনুমোদিত Pro-Doc- এ প্রতিফলন করা প্রয়োজন। প্রকল্পের মেয়াদকালের সাথে সামঞ্জস্য/ সমন্বয় করে Pro-Doc- এ মেয়াদকাল বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অত্র মন্ত্রণালয় হতে ইউএনডিপিকে অনুরোধের বিষয়ে সভায় সকলে মত প্রকাশ করেন।

৩.৭। প্রকল্পের মূল দলিলে বাজেটের স্বল্পতা, কর্ম এলাকা সম্প্রসারণ, থ্রি-এফ মডেল ও কিল্লা নির্মাণের উপযোগী জায়গার স্বল্পতা ইত্যাদি উদ্ভূত সমস্যা নিরসনে প্রকল্পের টিপিপি সংশোধান করা প্রয়োজন বলে জাতীয় প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন। এছাড়া, UNDP কর্তৃক আগামী ডিসেম্বর/২০১৮ মাসে মধ্যবর্তী মূল্যায়ন সম্পন্ন করা হবে। সভাপতি প্রকল্পের জাতীয় প্রকল্প পরিচালকের নেতৃত্বে ইউএনডিপি, মন্ত্রণালয়ের উন্নয়ন উইং, পরিকল্পনা কমিশন ও আইএমইডিসহ সংশ্লিষ্ট প্রতিনিধিদের সমন্বয়ে একটি কমিটি গঠনের পরামর্শ দেন। উক্ত কমিটি ইউএনডিপি কর্তৃক মধ্যবর্তী মূল্যায়ন প্রতিবেদন, জিইএফ/ ইউএনডিপি এবং সরকারের বিভিন্ন নিয়ম-নীতি পর্যালোচনা করে সংশোধিত টিপিপি-এর পরিধি ও ব্যয় প্রাক্কলনের প্রস্তাব চূড়ান্ত করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

৪.০। **সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়-

৪.১। থ্রি এফ মডেল প্রকল্পের একটি গুরুত্বপূর্ণ অংগ বিধায় টিপিপি সংশোধনের পূর্বে উপযোগী জায়গার প্রাপ্যতার বিষয়টি প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট কর্তৃক পুনঃ পরীক্ষা করতে হবে;

৪.২। সাইক্লোন সেন্টারের কাছাকাছি জায়গা/জমি পাওয়া না গেলে লোকালয়ের কাছে যেখানে জমি পাওয়া যাবে অথবা কেউ স্বপ্রণোদিত হয়ে জমি প্রদানে আগ্রহী হলে সেখানে কিল্লা নির্মাণের বিষয়টি পুনঃ পরীক্ষা করা যেতে পারে;

৪.৩। প্রাথমিকভাবে ৪টি উপজেলায় জলবায়ু বিপদাপন্ন উপকারভোগীর উদ্ভাবনীমূলক বিকল্প জীবিকায়ন সংক্রান্ত এনজিও-এর কার্যক্রম শুরু করা যেতে পারে এবং এ কার্যক্রমের সুফল পাওয়া গেলে পর্যালোচনা সাপেক্ষে পরবর্তীতে তা ৮টি উপজেলায় সম্প্রসারণ করা যেতে পারে;

৪.৪। প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন ও গতিশীলতার জন্য উপজাতীয় প্রকল্প পরিচালকের পদটি সংশোধিত প্রকল্প দলিলে অন্তর্ভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৪.৫। প্রকল্পের মেয়াদকালের সাথে সামঞ্জস্য/ সমন্বয় করে Pro-Doc-এ মেয়াদকাল বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অত্র মন্ত্রণালয় হতে ইউএনডিপিকে অনুরোধ করতে হবে; এবং

৪.৬। প্রকল্প পরিচালকের নেতৃত্বে ইউএনডিপি, মন্ত্রণালয়ের উন্নয়ন উইং, পরিকল্পনা কমিশন ও আইএমইডিসহ সংশ্লিষ্ট প্রতিনিধিদের সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবে। উক্ত কমিটি ইউএনডিপি কর্তৃক মধ্যবর্তী মূল্যায়ন প্রতিবেদন, জিইএফ/ ইউএনডিপি এবং সরকারের বিভিন্ন নিয়ম-নীতি পর্যালোচনা করে সংশোধিত টিপিপি-এর পরিধি ও ব্যয় প্রাক্কলনের প্রস্তাব চূড়ান্ত করতে হবে।

৫.০। আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী)
সচিব